**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# ওশেন ইনসাইট মনরো কাউন্টিতে কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে 100টি পর্যন্ত কর্মসংস্থান তৈরি করবে বলে গভর্নর হোকলের ঘোষণা

***ফটোনিক্স পণ্য উৎপাদনকারী এই কোম্পানি রচেস্টার সিটির ভিলেজ গেট লোকেশনে কার্যক্রম সম্প্রসারণ করবে***

***বিনিয়োগটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক - যা সম্প্রদায়ের পুনরুজ্জীবন এবং অর্থনীতি বাড়ানোর জন্য অঞ্চলের ব্যাপক কৌশল***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্পেক্ট্রোস্কোপিক সিস্টেম উন্নয়ন ও প্রস্তুতকারক, ওশেন ইনসাইট (Ocean Insight), মনরো কাউন্টিতে এটির কার্যক্রম সম্প্রসারণ করতে প্রস্তুত রয়েছে এবং পরবর্তী পাঁচ বছরে 100টি পর্যন্ত কর্মসংস্থান তৈরি করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। ওশেন ইনসাইট এই সম্প্রসারণের কারণ হিসেবে ফিঙ্গার লেকস অঞ্চলে ফটোনিক্স ও ইমেজিং সম্পর্কিত উল্লেখযোগ্য সংস্থান ও বিশেষ দক্ষতা লভ্য থাকার বিষয়টি উল্লেখ করেছে। যদিও কোম্পানিটির বেশিরভাগ কার্যক্রম ফ্লোরিডার অরল্যান্ডোতে পরিচালিত হয় যেখানে এটির সদরদপ্তর অবস্থিত, এই প্রকল্প গ্রাহকদের চাহিদা আরো ভালোভাবে পূরণ করতে রচেস্টার সিটির ভিলেজ গেট লোকেশনে এটির বর্তমান উৎপাদনের জায়গা সম্প্রসারণ করবে। অ্যান্ডারসন এভিনিউতে বর্তমানে চলমান থাকা ভবন সম্প্রসারণের কাজটি 2022 সালের অক্টোবর মাসের মধ্যে সম্পন্ন হবে বলে ওশেন ইনসাইট আশা করছে।

"ফিঙ্গার লেকস অঞ্চলে ওশেন ইনসাইট-এর এই অসাধারণ সম্প্রসারণ অঞ্চলটির উচ্চ-প্রযুক্তির ব্যবসা ও উদ্ভাবনের একটি গন্তব্যস্থল হয়ে উঠার গতি বৃদ্ধি করবে," **বলেছেন গভর্নর হোকল।** "আরো গুরুত্বপূর্ণ ব্যাপার হলো, এই সম্প্রসারণ এই অঞ্চল জুড়ে কর্মসংস্থান বৃদ্ধি ত্বরাণ্বিত করা অব্যাহত রাখবে, যেটি আগামী দিনের শিল্পগুলোর ব্যাপারে অধিক মনোযোগী রয়েছে। ওশেন ইনসাইট-এর মতো কোম্পানিগুলোর সাথে কৌশলগত অংশীদারত্বের মাধ্যমে, স্টেট জুড়ে উন্নয়ন ও সম্প্রসারণের জন্য ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আকৃষ্ট করার মাধ্যমে নিউ ইয়র্ক আমাদের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করা অব্যাহত রাখছে।"

ওশেন ইনসাইট-এর সরঞ্জামগুলো আলো ও রঙ উভয়টি পরিমাপ করতে পারে এবং উচ্চ-মাত্রার উৎপাদনের গুণমান নিয়ন্ত্রণ, মেডিকেল ইমেজিং, খাদ্য ও কৃষি, এবং বায়ু ও পানি বিশ্লেষণ সহ বিস্তৃত পরিসরে প্রয়োগ করা হয়ে থাকে।

**ওশেন ইনসাইট-এর প্রেসিডেন্ট ও CEO ড. মাইকেল এডওয়ার্ডস বলেন,** "রচেস্টার এবং বৃহত্তর ফিঙ্গার লেকস অঞ্চল হলো আমাদের অ্যাপ্লাইড সিস্টেম ব্যবসার ইউনিট সম্প্রসারণের জন্য নিখুঁত একটি স্থান। এই এলাকার গভীর কারিগরি সম্পদের সঙ্গে একটি বৈচিত্র্যপূর্ণ ও ইতিবাচক কমিউনিটির সম্মিলন এটিকে ওশেন ইনসাইট-এর জন্য চমৎকার একটি জায়গায় পরিণত করেছে। নিউ ইয়র্ক স্টেটে আমাদের সম্প্রসারণে সহায়তা করার জন্য আমরা গভর্নর ও নিউ ইয়র্ক স্টেট, মনরো কাউন্টি, এবং রচেস্টার সিটিকে ধন্যবাদ জানাই।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কর্মক্ষমতা-ভিত্তিক কর্মসংস্থান তৈরির অঙ্গীকারের বিনিময়ে এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিট কর্মসূচির (Excelsior Jobs Tax Credit Program) মাধ্যমে 1 মিলিয়ন ডলার পর্যন্ত প্রদান করছে। কোম্পানিটি তাদের ভিলেজ গেট লোকেশনে কার্যক্রম সম্প্রসারণ এবং নতুন যন্ত্রপাতি ও সরঞ্জাম কেনার জন্য প্রায় 1.8 মিলিয়ন ডলার বিনিয়োগের পরিকল্পনা করেছে। মনরো কাউন্টি, রচেস্টার সিটি, RG & E এবং গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজও (Greater Rochester Enterprise) এই অঞ্চলে কোম্পানিটির কার্যক্রম বৃদ্ধিতে সহায়তা করছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের কৌশলগত বিনিয়োগ ফিঙ্গার লেকস অঞ্চলকে একটি ভিশনারি অপ্টিকস, ফটোনিক্স ও ইমেজিং হাব হিসেবে প্রতিষ্ঠিত করতে সাহায্য করেছে। কর্মীদের উন্নয়ন এবং 21 শতকের কর্মসংস্থানের প্রতি মনোযোগ দেওয়ার জন্য আমাদের অঙ্গীকারবদ্ধতার ফলে ওশেন ইনসাইট-এর মতো কোম্পানিগুলো তাদের প্রয়োজনীয় অতি গুরুত্বপূর্ণ প্রযুক্তি মেধাবীদের একটি পাইপলাইন পেলে তাদের বৃদ্ধি অব্যাহত রাখতে পারবে।"

ফিঙ্গার লেকস অঞ্চল আলো-ভিত্তিক উৎপাদন খাতের জন্য বিশ্বব্যাপী সুপরিচিত। এটি কেবল AIM ফটোনিক্স (AIM Photonics)-এর টেস্টিং, অ্যাসেম্বলি ও প্যাকেজিং (TAP) ফ্যাসিলিটিই নয়, বরং রচেস্টার বিশ্ববিদ্যালয়ের (University of Rochester) ইনস্টিটিউট অব অপ্টিকস, রচেস্টার ইনস্টিটিউট অব টেকনোলজি (Rochester Institute of Technology) এবং 100টিরও বেশি স্থানীয় অপ্টিকস, ফটোনিক্স ও ইমেজিং কোম্পানির ঠিকানা। কর্মীদল, প্রযুক্তিগত ভিত্তি ও যথাস্থানে সাপোর্ট নেটওয়ার্ক থাকায়, এই অঞ্চলটি শিল্পখাতের বৈশ্বিক নেতা হিসেবে নিজের দৃঢ় অবস্থান তৈরি অব্যাহত রেখেছে, এবং ওশেন ইনসাইট-এর মতো কোম্পানিগুলোর অঙ্গীকারাবদ্ধতার কল্যাণে অর্থনৈতিক সমৃদ্ধি চালিত করছে এবং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য সুযোগ-সুবিধা তৈরি করছে।

**স্টেট সিনেটর সামরা জি. ব্রুক বলেন,** "ভিলেজ গেটে আমাদের প্রতিবেশী, ওশেন ইনসাইট আমাদের কমিউনিটির জন্য সর্বাধুনিক উৎপাদন সংক্রান্ত কর্মসংস্থান প্রদান করছে এবং স্টেট ও দেশকে ভবিষ্যতের উদ্ভাবনমূলক অর্থনীতির দিকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে আমাদের অঞ্চলকে সহায়তা করছে। টার্গেটকৃত বিনিয়োগ প্রদান এবং একটি সমন্বিত ফিঙ্গার লেকস ফরোয়ার্ড ইনিশিয়েটিভ (Finger Lakes Forward initiative) বাস্তবায়নের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট বর্তমান সময়ে আমাদের পরিবারগুলোর জন্য অন্ন যোগাতে এবং কমিউনিটিকে উন্নত করতে ভবিষ্যতের অর্থনৈতিক অঙ্গীকারকে ব্যবহার করছে।"

**স্টেট অ্যাসেম্বলি সদস্য ডেমন্ড মিকস বলেন,** "এক শতাব্দীরও বেশি সময় ধরে, বুশ এন্ড লম্ব (Bausch and Lomb) এবং ইস্টম্যান কোডাক (Eastman Kodak) এর মতো ভিত্তি গড়ে তোলা কোম্পানিগুলোর প্রচেষ্টা ও উদ্ভাবনের কল্যাণে রচেস্টার সমৃদ্ধ অপ্টিকস শিল্পের একটি ঠিকানা হয়ে আছে। আমাদের সিটিকে পুনরুজ্জীবিত করার লক্ষ্যে কাজ করে যাওয়ার এই সময়ে, আমাদের অবশ্যই আমাদের কমিউনিটির সদস্যদের জন্য ভালো বেতনের কর্মসংস্থান ও অর্থপূর্ণ ক্যারিয়ার প্রদান অব্যাহত রাখতে হবে। বৃহত্তর রচেস্টারের মানুষদের প্রতি তাদের অঙ্গীকারাবদ্ধতা প্রদর্শনের জন্য আমি ওশেন ইনসাইট পরিবার ও কর্মীদের প্রতি কৃতজ্ঞ।"

**মনরো কাউন্টির এক্সিকিউটিভ অ্যাডাম বেলো বলেন,** "মনরো কাউন্টিতে ওশেন ইনসাইট-এর সম্প্রসারণ প্রযুক্তি ও উদ্ভাবনের একটি হাব হিসেবে আমাদের অঞ্চলের অব্যাহত অগ্রযাত্রাকে প্রতিফলিত করে। এই উল্লেখযোগ্য বিনিয়োগ আমাদের স্থানীয় অর্থনীতির এবং আমাদের শক্তিশালী, বৈচিত্র্যপূর্ণ ও দক্ষ কর্মীদের শক্তিশালী দিকগুলোর উপর আলোকপাত করে। আমি ওশেন ইনসাইট টিম, গভর্নর ক্যাথি হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে আমাদের কমিউনিটির প্রতি তাদের চলমান অঙ্গীকারাবদ্ধতার জন্য ধন্যবাদ জানাই।"

**রচেস্টার সিটির মেয়র মালিক ইভান্স বলেন,** "আমি ওশেন ইনসাইট টিমকে এই উল্লেখযোগ্য সম্প্রসারণ কাজ পরিচালনার জন্য অভিনন্দন জানাতে চাই এবং রচেস্টারে এই বিনিয়োগের জন্য তাদের ধন্যবাদ দিতে চাই। ফিঙ্গার লেকস ফরোয়ার্ড-এর মাধ্যমে রচেস্টারের উদ্ভাবনমূলক অর্থনীতিকে টিকিয়ে রাখা ও সমৃদ্ধ করার জন্য আমি গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রতিও কৃতজ্ঞ। একসঙ্গে আমরা একটি নিরাপদ, সমতাপূর্ণ ও সমৃদ্ধ রচেস্টার গড়ে তোলার আমাদের লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাচ্ছি।"

**গ্রেটার রচেস্টার চেম্বার অব কমার্স (Greater Rochester Chamber of Commerce)-এর প্রেসিডেন্ট ও CEO এবং ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Finger Lakes Regional Economic Development Council)-এর সহ-সভাপতি বব ডাফি বলেন**, "ওশেন ইনসাইট হলো আমাদের এলাকার কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো থেকে আসা বিশ্বমানের মেধা, শিল্পখাতের অসাধারণ সংস্থানসমূহ, ও নিবেদিত কমিউনিটির কল্যাণে ফিঙ্গার লেকস অঞ্চলকে অপ্টিকস, ফটোনিক্স, ও ইমেজিং খাতের নেতৃস্থানীয় অবস্থান অর্জনের মতো আদর্শ স্থান হিসেবে চিনতে পারা সর্বশেষ কোম্পানি। আমরা প্রেসিডেন্ট ও CEO ড. মাইকেল এডওয়ার্ড এবং তার টিমকে স্বাগত জানাই এবং তাদের অব্যাহত সফলতায় সহায়তা করতে কাজ করার প্রত্যাশা রাখি।"

**গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজের (Greater Rochester Enterprise) প্রেসিডেন্ট ও CEO ম্যাট হার্লবাট বলেন,** "ওশেন ইনসাইটের কার্যক্রম সম্প্রসারণ অপ্টিকস, ফটোনিক্স, ও ইমেজিং কোম্পানিগুলোর বৃদ্ধি ত্বরান্বিত করতে NY-এর বৃহত্তর রচেস্টার অঞ্চল জুড়ে লভ্য সংস্থানগুলোর অসাধারণ গভীরতা ও প্রশস্ততাকে নির্দেশ করে। NY-এর বৃহত্তর রচেস্টার অঞ্চলে অবস্থিত 150টিরও বেশি অপ্টিকস, ফটোনিক্স, ও ইমেজিং কোম্পানি রচেস্টার ইনস্টিটিউট অব টেকনোলজি এবং রচেস্টার বিশ্ববিদ্যালয়ে প্রশিক্ষণপ্রাপ্ত অসাধারণ প্রকৌশল মেধা দ্বারা চালিত এই লভ্য কর্মীদল ও প্রযুক্তিগত বিশেষ দক্ষতাকে কাজে লাগাচ্ছে।"

ওশেন ইনসাইট সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন: https://www.oceaninsight.com/।

## ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরও তথ্য এখানে রয়েছে।

## এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) হচ্ছে নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক ডেভেলপমেন্ট এজেন্সি (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড "আই লাভ নিউ ইয়র্ক" এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

*###*